Downloaded From www.previousexampapers.com

Roll No. | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in Admit Card)

Signature of Invigilators

1. ______________________

2. ______________________

PAPER – III

0210

Test Booklet No.

BENGALI

Time : $2\frac{1}{2}$ Hours

Maximum Marks : 200

Instructions for the Candidates

1. Write your roll number in the space provided on the top of this page.
2. This paper consists of four **Sections – I, II, III & IV.**
3. Answers are to be written in the space provided against the questions.

No additional sheets are to be used.

www.PreviousExamPapers.com

4. Read instructions given inside carefully.
5. One sheet is attached at the end of the test booklet for rough work.
6. If you write your name or put any special mark on any part of the test booklet which may disclose in any way your identity, you will render yourself liable to disqualification.
7. You should return the test booklet to the invigilator at the end of the examination and should not carry any paper with you outside the examination hall.

FOR OFFICE USE ONLY

Marks Obtained

Question Number	Marks Obtained	Question Number	Marks Obtained	Question Number	Marks Obtained
1		10		19	
2		11		×	
3		12		×	
4		13		×	
5		14		×	
6		15		×	
7		16		×	
8		17		×	
9		18		×	

Total marks obtained ....

Signature of the Co-ordinator ....
(Evaluation)

Downloaded From www.previousexampapers.com

BENGALI

Paper – III

SECTION – I

নির্দেশাবলি ঃ i) সকল প্রশ্নের উত্তর দিন ।

ii) প্রতিটি প্রশ্নের মূল্যাংক 20 (২০) ।

iii) প্রতিটি প্রশ্নের উত্তর 500 (৫০০) শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকবে । ২ × ২০ = ৪০

1. প্রাচীন বাংলা সাহিত্য সৃষ্টিতে সংস্কৃত সাহিত্যের প্রভাব ।

অথবা

বাংলা নাটকে ব্রেশটের অনুবাদ ও অনুসরণ ।

অথবা

বাংলা লোকসাহিত্য-চর্চার প্রধান ধারা ।

অথবা

প্রাচীন বাংলা পুথির পাঠ সমস্যা ও সমাধান ।

www.PreviousExamPapers.com

অথবা

বাংলা শ্বাসাঘাত প্রধান ছন্দের রীতি, বৈশিষ্ট্য ও ব্যবহার ।

2. ঊনবিংশ শতাব্দীর বাংলা সাহিত্যে সংস্কৃতের প্রভাব ।

অথবা

বাংলা মহাকাব্যে পাশ্চাত্য এপিকের প্রভাব ।

অথবা

প্রবাদের সামাজিক উপযোগিতা ।

অথবা

রবীন্দ্র নাটকের রূপ ও রূপান্তর ।

অথবা

শ্বাসাঘাত প্রধান ছন্দ-প্রয়োগে সত্যেন্দ্রনাথের কৃতিত্ব ।

Downloaded From www.previousexampapers.com

SECTION – II

নির্দেশাবলি ঃ

i) এই অংশে **পাঁচটি** গুচ্ছ আছে। পরীক্ষার্থীকে যে কোনও **একটি গুচ্ছ বেছে নিয়ে** সেই গুচ্ছের (3) **তিনটি** প্রশ্নের উত্তর দিতে হবে।

ii) প্রতিটি প্রশ্নের মূল্যাংক 15 (১৫)।

iii) প্রতিটি প্রশ্নের উত্তর 300 (৩০০) শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকবে। ৩ × ১৫ = ৪৫

গুচ্ছ - I

3. মধ্যযুগের বাংলা সাহিত্যে জয়দেবের প্রভাব সম্পর্কে আলোচনা করুন।

4. 'কৃষ্ণচরিত্র' বিশ্লেষণে বঙ্কিমচন্দ্র কতখানি সংস্কৃত সাহিত্যানুরাগী তা দেখান।

5. সংস্কৃত পুরাণের সঙ্গে বাংলা মঙ্গলকাব্যগুলির যোগ দেখান।

গুচ্ছ - II

3. 'I shall not borrow Greek stories but write, rather than try to write, as Greek would have done.' — এই পরিকল্পনার সূত্রে মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্যে' গ্রীক মহাকাব্যের প্রভাব কোথায় কতটা পড়েছে দেখান।

4. বঙ্কিমচন্দ্রের প্রথম দিকের রচনায় ওয়াল্টার স্কটের ছায়া কিছু লক্ষিত হয়। আলোচনা করুন।

5. বিষ্ণু দে-র কবিতায় এলিয়ট কীভাবে প্রভাব বিস্তার করেছেন আলোচনা করুন।

www.PreviousExamPapers.com

গুচ্ছ - III

3. বাংলার অভিজাত সংস্কৃতি নানাভাবে লোকসংস্কৃতির কাছে ঋণী। — মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করুন।

4. কারণ নির্দেশসহ ছড়ার কথান্তরের পরিচয় দিন।

5. লোকসাহিত্য-চর্চায় দীনেশচন্দ্র সেনের ভূমিকার গুরুত্ব নির্ণয় করুন।

গুচ্ছ - IV

3. মধ্যযুগের বাংলা পুথি সাহিত্যে কালজ্ঞাপনী বা 'কবি শশাঙ্ক' সম্পর্কে একটি নিবন্ধ লিখুন।

4. কবিনাম, কাব্যনাম সম্পর্কিত সমস্যা বাংলা পুথি সম্পাদকরা কীভাবে সমাধান করেছেন আলোচনা করুন।

5. 'রজনী' ও 'আনন্দমঠ'-এর রূপান্তরে বঙ্কিমচন্দ্রের মানসিকতার বিবর্তনের পরিচয় বহন করে কীভাবে আলোচনা করুন।

গুচ্ছ - V

3. তানপ্রধান ছন্দের শোষণ শক্তি কীভাবে বাংলা ছন্দোরীতিকে প্রভাবিত করেছে কয়েকটি দৃষ্টান্তসহ বুঝিয়ে দিন।

4. বাংলা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি লিখুন এবং উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

5. রবীন্দ্রনাথের হাতে প্রবহমান মহাপয়ার ছন্দোরীতি যে সাফল্য পেয়েছে তার পরিচয় দিন।

Downloaded From www.previousexampapers.com

SECTION – III

নির্দেশাবলি ঃ

i) সকল প্রশ্নের উত্তর দিন ।

ii) প্রতিটি প্রশ্নের মূল্যাংক 10 (১০) ।

iii) প্রতিটি প্রশ্নের উত্তর 50 (৫০) শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকবে । ৯ × ১০ = ৯০

6. চৈতন্য-সংস্কৃতি বলতে কী বোঝেন ?

7. গোবিন্দলালের পরিণতিতে ভ্রমরের দায়িত্ব কতটুকু ?

8. 'সোনার তরী' কবিতার ভাববস্তু কী ?

9. যতীন্দ্রনাথ তাঁর কাব্যের নাম 'মরুশিখা' রাখলেন কেন ?

10. 'ধাত্রী দেবতা' বলতে তারাশঙ্কর কী বোঝাতে চেয়েছেন ?

11. বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের 'বরযাত্রী' গল্পে কৌতুকরস কীভাবে সৃষ্টি হয়েছে ?

12. নাটক হিসাবে 'গৈরিক পতাকা'-র সার্থকতা কোথায় ? www.PreviousExamPapers.com

13. 'নদীপথে'-কে পত্রসাহিত্যের মর্যাদা দেওয়া যায় কিনা বিচার করুন ।

14. 'গুণীভূতব্যঙ্গ্য' কাকে বলে ?

Downloaded From www.previousexampapers.com

SECTION – IV

নির্দেশাবলি ঃ i) সকল প্রশ্নের উত্তর দিন ।

ii) প্রতিটি প্রশ্নের মূল্যাংক 5 (৫) ।

iii) প্রশ্নের উত্তর 30 (৩০) শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকবে । ৫ × ৫ = ২৫

নীচের অনুচ্ছেদটি মনোযোগের সঙ্গে পড়ুন এবং নিম্নোক্ত প্রশ্নগুলির উত্তর দিন ঃ

বিষয়কে জানার কাজে আছে বিজ্ঞান । এই জানার থেকে নিজের ব্যক্তিত্বকে সরিয়ে রাখার সাধনাই বিজ্ঞানের । মানুষের আপনাকে দেখার কাজে আছে সাহিত্য ; তার সত্যতা মানুষের আপন উপলব্ধিতে, বিষয়ের যাথার্থ্যে নয় । সেটা অদ্ভুত হোক, অতথ্য হোক, কিছুই আসে যায় না । এমন-কি, সেই অদ্ভুতের, সেই অতথ্যের উপলব্ধি যদি নিবিড় হয় তবে সাহিত্যে তাকেই সত্য বলে স্বীকার করে নেবে । মানুষ শিশুকাল থেকেই নানাভাবে আপন উপলব্ধির ক্ষুধায় ক্ষুধিত, রূপকথার উদ্ভব তারই থেকে । কল্পনার জগতে চায় সে হতে নানাখানা — রামও হয় হনুমানও হয়, ঠিকমত হতে পারলেই খুশি । তার মন গাছের সঙ্গে গাছ হয়, নদীর সঙ্গে নদী । মন চায় মিলতে, মিলে হয় খুশি । মানুষের আপনাকে নিয়ে এই বৈচিত্র্যের লীলা সাহিত্যের কাজ । যে লীলায় সুন্দরও আছে অসুন্দরও আছে ।

www.PreviousExamPapers.com

যা আনন্দ দেয় তাকেই মন সুন্দর বলে, আর সেটাই সাহিত্যের সামগ্রী ।

15. বিজ্ঞানের সাধনা কী ?

16. সাহিত্যের সত্যতা কিসে ?

17. রূপকথার উদ্ভবের মূলে কী আছে ?

18. কোন্ বৈচিত্র্যের লীলা সাহিত্যের কাজ ?

19. সাহিত্যের সামগ্রী কী ?